SEP. 22 2002

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে উপজাতীয় ছাত্রছাত্রীদের ভর্তির কোটা বৃদ্ধির দাবি

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ে পার্বত্য চট্টগ্রামের উপজাতীয় ছাত্রছাত্রীদের জন্য ভর্তি কোটা বৃদ্ধির দাবিতে বৃহস্পতিবার পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্যের কাছে স্মারকলিপি পেশ করেছে।

স্মারকলিপিতে অন্তর্ভুক্ত দাবিগুলো হচ্ছে— ২৫টি আসনের স্থলে প্রতিটি বিভাগে ২টি করে আসন সংরক্ষণ করা, ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের ন্যূনতম নম্বরের অধিকারী হলে বিশেষ বিবেচনায় ভর্তির সুযোগ প্রদান করা। স্মারকলিপিতে আরও বলা হয়, সাধারণ প্রতিযোগিতামূলক পরীক্ষায় যারা উত্তীর্ণ হবে তাদের কোটায় অন্তর্ভুক্ত না করে সাধারণ মেধা তালিকায় ভর্তি করা ও উপজাতীয় কোটায় অউপজাতীয় ছাত্রছাত্রীদের ভর্তি রোধকল্পে পার্বত্য চট্টগ্রামের ৩ সার্কেল প্রধানের দেয়া স্থায়ী বাসিন্দাদের সনদপত্র অপরিহার্য করা।

স্মারকলিপি প্রদানের আগে সুধাসিন্ধু খিসা, মংমোরমার নেতৃত্বে একটি প্রতিনিধিদল ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক আ.ফ.ম ইউসুফ হায়দারের সঙ্গে তার অফিসকক্ষে সাক্ষাৎ করেন।